# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৬৫৮

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৯. তাইয়াম্মুম

## بَابُ التَّيَمُّمِ

আরবী

وَحَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، نَا إِبْرَاهِيمُ بْنُ عَبْدِ الرَّحِيمِ بْنِ دَنُوقَا ، نَا سَعِيدُ بْنُ سُلَيْمَانَ ، ح : وَحَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ الْمَحَامِلِيُّ ، وَإِسْمَاعِيلُ بْنُ عَلِيٍّ ، قَالَا : نَا إِبْرَاهِيمُ بْنُ إِسْحَاقَ الْحَرْبِيُّ ، نَا سَعِيدُ بْنُ سُلَيْمَانَ ، ح : وَحَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، نَا أَبُو عَلِيٍّ بِشْرُ بْنُ مُوسَى ، نَا يَحْيَى بْنُ إِسْحَاقَ ، قَالَا : نَا الرَّبِيعُ بْنُ بَدْرٍ ، عَنْ أَبِيهِ ، عَنْ جَدِّهِ ، عَنِ الْأَسْلَعِ ، قَالَ : أَرَانِي كَيْفَ عَلَّمَهُ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ التَّيَمُّمَ ، فَضَرَبَ بِكَفَّيْهِ الْأَرْضَ ثُمَّ نَفَضَهُمَا ثُمَّ مَسَحَ بِهِمَا وَجْهَهُ ، ثُمَّ أَمَرَّ عَلَى لِحْيَتِهِ ، ثُمَّ أَعَادَهُمَا إِلَى الْأَرْضِ ، فَمَسَحَ بِهِمَا الْأَرْضَ ، ثُمَّ دَلَكَ إِحْدَاهُمَا بِالْأُخْرَى ، ثُمَّ مَسَحَ ذِرَاعَيْهِ ظَاهِرَهُمَا وَبَاطِنَهُمَا " . هَذَا لَفْظُ إِبْرَاهِيمَ الْحَرْبِيِّ ، وَقَالَ يَحْيَى بْنُ إِسْحَاقَ فِي حَدِيثِهِ : " فَأَرَانِي رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ كَيْفَ أَمْسَحُ ، فَمَسَحْتُ ، قَالَ : فَضَرَبَ بِكَفَّيْهِ الْأَرْضَ ، ثُمَّ رَفَعَهُمَا لِوَجْهِهِ ، ثُمَّ ضَرَبَ ضَرْبَةً أُخْرَى ، فَمَسَحَ ذِرَاعَيْهِ بَاطِنَهُمَا وَظَاهِرَهُمَا ، حَتَّى مَسَّ بِيَدَيْهِ الْمِرْفَقَيْنِ

বাংলা

৬৫৮(১৪). আল-হুসাইন ইবনে ইসমাঈল (রহঃ) ... আর-রুবাই ইবনে বদর (রহঃ) থেকে তার পিতা ও তার দাদার সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল-আসলা’ (রাঃ)-কে যে তায়াম্মুমের পদ্ধতি শিক্ষা দিয়েছেন তিনি তা আমাকে দেখিয়েছেন। তিনি তার উভয় হাত মাটির উপর মারেন এবং তা ঝাড়েন, তারপর দুই হাত দিয়ে নিজের মুখমণ্ডল মসেহ করেন, তারপর দাড়ি মসেহ করেন। তারপর পুনরায় উভয় হাত মাটিতে রেখে তা দিয়ে মাটি মসেহ করেন, তারপর এক হাত দিয়ে অপর হাত ঘষেন, তারপর উভয় বাহু ভেতর ও বাইরের অংশ মসেহ করেন।

হাদীসের মূল পাঠ ইবরাহীম আল-হারাবীর বর্ণনা অনুযায়ী। ইয়াহইয়া ইবনে ইসহাক (রহঃ) কর্তৃক বর্ণিত হাদীসে আছেঃ আমি কিভাবে মসেহ করবো তা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে দেখালেন এবং আমি মসেহ করলাম। রাবী বলেন, তার উভয় হাত মাটির উপর মারেন, তারপর তা উঠিয়ে মুখমণ্ডল মসেহ করেন। তিনি পুনরায় মাটিতে একবার হাত মারেন, তারপর উভয় বাহু ভেতর ও বাইরের দিকসহ মসেহ করেন, এমনকি উভয় হাত দিয়ে উভয় কনুই মসেহ করেন (বায়হাকী, তাবারানী)।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আর-রুবাই ইবনে বদর (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80447

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন